

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ  
অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
টি এ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/১৬ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩১৫-আইন/২০২০ —Ports Act, 1908 (Act No. XV of 1908) এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে বাঘাবাড়ী নদী বন্দরের সীমানা নির্ধারণপূর্বক উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

তফসিল

বাঘাবাড়ী নদী বন্দরের—

- (ক) উত্তর সীমানা : সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর থানার পোতাজিয়া ইউনিয়নের বুড়ি পোতাজিয়া মৌজার গঙ্গাপ্রসাদ এলাকায় করতোয়া নদীর পূর্ব-পশ্চিম আড়াআড়িভাবে অতিক্রমকারী ২৪° ০৯' ০০" উত্তর অক্ষাংশ বরাবর বিস্তৃত;
- (খ) পশ্চিম সীমানা : সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর থানার পোতাজিয়া ইউনিয়নের বুড়ি পোতাজিয়া মৌজার রাউতারা মুইস গেইট এলাকায় বড়াল নদীর উত্তর-দক্ষিণ আড়াআড়িভাবে অতিক্রমকারী ৮৯° ৩৪' ০০" পূর্ব দ্রাঘিমাংশ বরাবর বিস্তৃত;

(১২৩০৫)

মূল্য : টাকা ৪.০০

- (গ) দক্ষিণ সীমানা : পাবনা জেলার বেড়া থানার মোহনগঞ্জ এলাকার পাইখন্দ ও চরপেচাখোলা মৌজার ছুরাসাগর ও যমুনা নদীর মিলিত স্থান পূর্ব-পশ্চিম আড়াআড়িভাবে অতিক্রমকারী ২৪° ০৪' ১০" উত্তর অক্ষাংশ বরাবর বিস্তৃত; এবং
- (ঘ) ভূ-ভাগের সীমানা : উপরি-উক্ত নদী বন্দর সীমানার আওতায় ছুরাসাগর, বড়াল ও করতোয়া নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (Yard) পর্যন্ত।

২। ১৭ নভেম্বর, ১৯৮১ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত Notification No. S.R.O. 373-L/81/WD/IS-16/81-221 এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম  
উপসচিব।